

## 💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৭ সালাতের ওয়াজিব - ২১. ওয়াজিব ছুটে গেলে করণীয় কি? সালাতের ওয়াজিব কয়টি ও কী কী?

ইচ্ছাকৃতভাবে কোন একটা ওয়াজিব ছেড়ে দিলে সালাত বাতিল হয়ে যায়। আর ভুলে বাদ পড়লে সাহু সিজদা দিতে হয়। বিশুদ্ধ দলীল-প্রমাণের ভিত্তিতে সালাতের ওয়াজিব সাতটি

- ১. সকল তাকবীর (তাকবীরে তাহরীমা ছাড়া)
- ২, (সূরা ফাতিহার পর) সূরা মিলানো। অধিকাংশ মাযহাবে এটা সুন্নাত।
- ৩. 'সামি আল্লাহু লিমান হামীদা' বলা (রুকু থেকে মাথা উঠানোর সময় ইমাম ও একাকী নামায আদায়কারী এ তাসবীহটি পড়বে ।
- 8. রাব্বানা ওয়া লাকাল হামদ' বলা, (ইমাম, মুক্তাদি ও একাকী নামায আদায়কারী সবাই বলবে)।
- ৫. মাগরিব ও চার রাকআত বিশিষ্ট সালাতের প্রথম বৈঠক।
- ৬. প্রথম বৈঠকে তাশাহহুদ পড়া।
- ৭. দর্মদ পড়া (শেষ বৈঠকে), একদল ফিকহবিদের মতে, এটা রুকন।

দলীল: (এক) বুখারী: ৭৩৩, ইফা ৬৯৭, আধুনিক ৬৮৯, (দুই) বুখারী: ৭৫৯, ইফা: ৭২৩, আধুনিক: ৭১৫, (তিন) বুখারী: ৭৮৯, ইফা ৭৫৩, আধুনিক ৭৪৫, (চার) বুখারী, (পাঁচ) বুখারী: ৮৩০, ইফা ৭৯২, আধুনিক ৭৮৪, (ছয়) নাসাঈ: ১১৬৩, (সাত) মুসলিম: ৪০৫, বুখারী: ৬৩৫৭

Source — https://www.hadithbd.com/books/link/?id=12905

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন